



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৯ সেপ্টেম্বর ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালায় পাহাড়িদের ওপর সাম্প্রদায়িক হামলা, ঘরবাড়িতে অগ্নিসংযোগের নিন্দা ও প্রতিবাদ

খাগড়াছড়ির দীঘিনালায় সদরে পাহাড়িদের ওপর সেটলার বাঙালিদের হামলা, ঘরবাড়ি-দোকানপাটে অগ্নিসংযোগের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ বৃহস্পতিবার (১৯ সেপ্টেম্বর ২০২৪) সন্ধ্যায় সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে ইউপিডিএফের খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা উদ্ব্গ প্রকাশ করে বলেন, আজ বিকাল থেকে সেটলার বাঙালিরা পাহাড়িদের ওপর হামলা চালালেও আইন-শৃঙ্খলা বাহিনী হামলাকারীদের বিরুদ্ধে কোন পদক্ষেপ নেয়নি। ফলে হামলাকারী সেটলাররা নির্বিঘ্নে পাহাড়িদের ঘরবাড়ি ও দোকানপাটে অগ্নিসংযোগ করেছে। এ হামলা এখনো অব্যাহত রয়েছে। ফলে কত সংখ্যক ঘরবাড়িতে অগ্নিসংযোগ করা হয়েছে তার বিস্তারিত জানা সম্ভব হয়নি।

বিবৃতিতে তিনি অবিলম্বে হামলা বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং হামলাকারীদের আইনের দ্রুত আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)